

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায়
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১.২০৮০

তারিখ ০৭.১০.২০২৪খ্রি:

বিষয় : জেলা দপ্তরে অর্থ ছাড়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের ১ম কিস্তির অর্থ প্রকল্পভুক্ত জেলায় উল্লেখিত খাতে ছাড় করা হলো।

জেলার নাম	সম্মানী	অন্যান্য মনিহারী	প্রশিক্ষণ (সুফলভোগী/কর্মচারী)	মোট অর্থ ছাড়
১। যশোর	১২,০০০.০০	১২,০০০.০০	১৩,৪১,০০০.০০	১৩,৬৫,০০০.০০
২। নড়াইল	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
৩। ঝিনাইদহ	১২,০০০.০০	১২,০০০.০০	২০,৪৪,০০০.০০	২০,৬৮,০০০.০০
৪। মাগুড়া	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
৫। খুলনা	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
৬। বাগেরহাট	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
৭। সাতক্ষীরা	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
৮। চুয়াডাঙ্গা	১২,০০০.০০	৬,০০০.০০	০.০০	১৮,০০০.০০
৯। মেহেরপুর	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
১০। বরিশাল	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
১১। পটুয়াখালী	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
১২। পিরোজপুর	১২,০০০.০০	৯,০০০.০০	০.০০	২১,০০০.০০
১৩। বরগুনা	১২,০০০.০০	৬,০০০.০০	০.০০	১৮,০০০.০০
১৪। ভোলা	১২,০০০.০০	৬,০০০.০০	০.০০	১৮,০০০.০০
১৫। ঝালকাঠি	১২,০০০.০০	৬,০০০.০০	০.০০	১৮,০০০.০০
১৬। নোয়াখালী	১২,০০০.০০	৬,০০০.০০	০.০০	১৮,০০০.০০
১৭। রংপুর	১২,০০০.০০	১২,০০০.০০	২৬,৮২,০০০.০০	২৭,০৬,০০০.০০
মোট =	২,০৪,০০০.০০	১,৪৭,০০০.০০	৬০,৬৭,০০০.০০	৬৪,১৮,০০০.০০

নির্দেশনাবলীঃ

- সকল প্রকার ব্যয়ের ক্ষেত্রে পিপিআর এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রতিপালন করতে হবে;
- যে খাতে অর্থ ছাড় করা হয়েছে কেবলমাত্র সে খাতে ব্যয় করা যাবে। কোন ভাবেই এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না; ছাড়কৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- চলতি অর্থবছরের ছাড়কৃত অর্থ পরবর্তী অর্থবছরে ব্যয় করা যাবে না এবং ৩০ জুন, ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ব্যাংক স্টেটমেন্টসহ চূড়ান্ত প্রতিবেদন ও অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে সংশ্লিষ্ট কোডে ফেরত প্রদান করতে হবে;
- অন্যান্য মনিহারী (স্টেশনারী) খাতে যশোর, ঝিনাইদহ ও রংপুর জেলার জন্য মাসিক ২,০০০.০০ টাকা হারে বছরে সর্বোচ্চ ২৪,০০০.০০ টাকা; নড়াইল, মাগুড়া, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মেহেরপুর, বরিশাল, পটুয়াখালী ও পিরোজপুর জেলার জন্য মাসিক ১,৫০০.০০ টাকা হারে বছরে সর্বোচ্চ ১৮,০০০.০০ টাকা; চুয়াডাঙ্গা, বরগুনা, ভোলা, ঝালকাঠি ও নোয়াখালী জেলার জন্য মাসিক ১,০০০.০০ টাকা হারে বছরে সর্বোচ্চ ১২,০০০.০০ টাকা ব্যয় করা যাবে;
- উপপরিচালকগণ মাসিক ২,০০০.০০ টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন। সম্মানী ভাতা প্রদানের ক্ষেত্রে ১০% হারে উৎসে আয়কর কর্তব্যযোগ্য হবে;





চলমান পাতা-২

৬। যশোর ও রংপুর জেলা কর্তৃক টিটিসি এর মাধ্যমে ৩০ দিন মেয়াদী সেলাই ও এ্যামব্রয়ডারী প্রশিক্ষণ এবং ঝিনাইদহ জেলা কর্তৃক টিটিসি এর মাধ্যমে ৬০ দিন মেয়াদী বিউটিফিকেশন প্রশিক্ষণ বাবদ অর্থ ছাড় করা হয়েছে। এ খাতে অর্থ ব্যয়ের ক্ষেত্রে পূর্বের নির্দেশনা, প্রশিক্ষণ মডিউল ও বাজেট বিভাজন অনুসরণযোগ্য হবে;

৭। মালামাল ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই ক্রয়কৃত মালামাল মজুদ রেজিস্টারে এন্ট্রি করতে হবে। অকেজো মালামালের ক্ষেত্রে ডেডস্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে;

৮। সকল প্রকার বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তণ করতে হবে; সকল প্রকার হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৯। খাতে খাতে মাসিক হারে যে অর্থই বরাদ্দ প্রদান করা হোক না কেন প্রয়োজনের বাহিরে কোনরূপ অর্থ ব্যয় করা যাবে না;

১০। কোন স্পষ্টীকরণ প্রয়োজন হলে প্রকল্প সদর দপ্তরে যোগাযোগ করতে হবে;

১১। ছাড়কৃত অর্থ সোনালী ব্যাংক লিঃ, সোনারগাঁও হোটেল শাখা, ঢাকা হতে অনলাইনে প্রেরিত হবে। অর্থ প্রাপ্তিতে বিলম্ব হলে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন:০২-৪১০১০৩৪১

উপপরিচালক

জেলা:.....(প্রকল্পভুক্ত সকল জেলা)।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১.২০৮০

তারিখ ০৭.১০.২০২৪খ্রি:

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্পভুক্ত সকল জেলা)।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৩। পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৪। সংশ্লিষ্ট নথি।


মো: আবদুস সবুর
উপপ্রকল্প পরিচালক
ফোন:০২-৪১০১০৩৪১